গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সখিপুর, টাংগাইল।
www.acl.sakhipur.tangail.gov.bd

স্মারক নং-৩১.৩০.৯৩৮৫.০০০.০৫.০০২.১৬ ০৫ তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

**বিষয়: ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা বিজ্ঞপ্তি।**

**বিজ্ঞপ্তি নং-০১/১৪৩২**

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর স্মারক মোতাবেক সাধারণ আবেদনে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট হতে সখিপুর উপজেলার নিয়ন্ত্রণাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট থেকে বর্ণিত সিডিউল অনুযায়ী শর্তসাপেক্ষে অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন/দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | তারিখ | কার্যদিবস | গৃহিত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১. | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | - | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২. | ০১ মাঘ হতে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩. | ১৮ মাঘ হতে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সখিপুর, টাঙ্গাইল এ দাখিল। |
| ০৪. | ২২ মাঘ হতে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫. | ২৯ মাঘ হতে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫(পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারা আদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান ও ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯. | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

CamScanner

**জলমহালের তালিকা**

| ক্র: নং | উপজেলার নাম | ১৪৩৩ বঙ্গাব্দে ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | সখিপুর | নবাবের পুকুর | ১.৫০ | ২৩৯০ | ২৫১০ | |
| ০২. | সখিপুর | ধলির পুকুর | ২.০০ | ৬৭৩৭ | ৭১০৪ | |
| ০৩. | সখিপুর | হাতীমারা পুকুর | ২.৪৮ | ১০৪৩৭ | ১০৯৬০ | মালিকানা সংক্রান্ত জটিলতা রয়েছে |
| ০৪. | সখিপুর | মরা পুকুর | ২.০০ | ২৩০১৭ | ২৪১৬৮ | |
| ০৫. | সখিপুর | কৈয়ার পুকুর | ২.০০ | ৪৪২৭৫ | ৪৬৪৯০ | |
| ০৬. | সখিপুর | ভোলার পুকুর | ১.৫০ | ৬৫৬৩ | ৬৮৯২ | |
| ০৭. | সখিপুর | জিস পুকুর | ১.৬৭ | ৪৮৭৯৬ | ৫১২৩৬ | |
| ০৮. | সখিপুর | আন্ধা পুকুর | ০.৬০ | ৪৩৫৫ | ৪৫৭৩ | |
| ০৯. | সখিপুর | গিলাগাইছা পুকুর | ১.০০ | ৬২৯৬ | ৬৬১১ | |
| ১০. | সখিপুর | নওলার পুকুর | ৩.৭৯ | ৯৪২৭ | ৯৮৯৯ | |
| ১১. | সখিপুর | ঝিনিয়ার পুকুর | ১.০৪ | ২৮৮০ | ৩০২৪ | |
| ১২. | সখিপুর | মেন্দার পুকুর | ০.৯৯ | ৫৯৯৬ | ৬২৯৬ | |
| ১৩. | সখিপুর | পলান খাস পুকুর | ০.৪১ | ৬২২২ | ৬৫৩৪ | |
| ১৪. | সখিপুর | টাইগার পুকুর | ১.৯০ | ১১৫৫০ | ১২১২৮ | |
| ১৫. | সখিপুর | গজারিয়া পুকুর | ১.০০ | ৭২৯৬ | ৭৬৬১ | |
| ১৬. | সখিপুর | চুংগার পুকুর | ২.০০ | ৯৮১১ | ১০৩০২ | মহামান্য হাইকোর্টে ১০৯৫১/২০১৯ রীট মামলা চলমান। |
| ১৭. | সখিপুর | খাইলার পুকুর | ২.৬২ | ১৪৫১৭ | ১৫২৪৩ | |
| ১৮. | সখিপুর | ঝিনিয়ার পুকুর | ০.৯২ | ১২৮০৯ | ১৩৪৫০ | |
| ১৯. | সখিপুর | টুনকার পুকুর | ১.৩৬ | ৩৭১৬ | ৩৯০২ | |
| ২০. | সখিপুর | দিঘীলার পুকুর | ১.৫৬ | ৫০৬১ | ৫৩১৪ | |
| ২১. | সখিপুর | খাইলার পুকুর | ১.৫০ | ৩৩৪৭ | ৩৫১৫ | |
| ২২. | সখিপুর | বলাই পুকুর | ০.৯২ | ৩৭০০ | ৩৮৮৫ | |

CamScanner

| ক্র: নং | উপজেলার নাম | ১৪৩৩ বঙ্গাব্দে ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২৩. | সখিপুর | পদ্ম পুকুর | ১.০০ | ৪২৩৪১ | ৪৪৪৫৯ | |
| ২৪. | সখিপুর | পাটজাগের পুকুর | ২.১৭ | ৩৬৩৮ | ৩৮২০ | |
| ২৫. | সখিপুর | ভূইয়ার পুকুর | ১.৯৩ | ৬০৯৮ | ৬৪০৩ | |
| ২৬. | সখিপুর | টেকাইনা পুকুর | ০.৭৫ | ৯০৬৯ | ৯৫২৩ | |
| ২৭. | সখিপুর | ভাউরিয়াচালা পুকুর | ২.১৭ | ৭৯৬২ | ৮৩৬১ | |
| ২৮. | সখিপুর | কেরানী পুকুর | ০.৬৮ | ৩৮০২ | ৩৯৯৩ | |
| ২৯. | সখিপুর | সমেশখার পুকুর | ০.৬৬ | ৩৩৪১ | ৩৫০৯ | |
| ৩০. | সখিপুর | উড়ালিয়ার পুকুর | ২.৫৪ | ১০০২০ | ১০৫২১ | |
| ৩১. | সখিপুর | সানবান্দা পুকুর | ৪.৮০ | ২২৭৫০০ | ২৩৮৮৭৫ | |
| ৩২. | সখিপুর | ছাইতার পুকুর | ০.৮৬ | ৬৩৩০ | ৬৬৪৭ | |
| ৩৩. | সখিপুর | বোচার খাস পুকুর | ০.৪৩ | ৫৮৭৬ | ৬১৭০ | |
| ৩৪. | সখিপুর | দরগার পুকুর | ০.৫০ | ৫৪৭৬ | ৫৭৫০ | |
| ৩৫. | সখিপুর | খুনকার পুকুর | ১.০৫ | ৫১৫২ | ৫৪১০ | |
| ৩৬. | সখিপুর | সুরিরচালা পুকুর | ০.৯৮ | ৩৮৭৭ | ৪০৭১ | |
| ৩৭. | সখিপুর | গারোর পুকুর | ২.৭৭ | ৫০২৫ | ৫২৭৭ | |
| ৩৮. | সখিপুর | ভাতকুড়া খাস পুকুর | ১.২৯ | ৯৪৪৮ | ৯৯২১ | |
| ৩৯. | সখিপুর | মৌলানী পুকুর | ১.২৯ | ৭১৬৪ | ৭৫২৩ | |
| ৪০. | সখিপুর | কচুয়া সঃপ্রাঃ বিঃ পুকুর | ১.১০ | ২৫৪৩ | ২৬৭১ | কোর্ট অব ওয়ার্ডস |
| ৪১. | সখিপুর | বড়চওনা বাজার পুকুর | ১.০৩ | ১১৪৫৭ | ১২০৩০ | |
| ৪২. | সখিপুর | চাটার পুকুর | ১.০০ | ৭৩৯৫ | ৭৭৬৫ | |
| ৪৩. | সখিপুর | জামাল হাটকুড়া পুকুর | ১.৬৭ | ১২০৪১ | ১২৬৪৪ | |
| ৪৪. | সখিপুর | বোনারদিঘী পুকুর | ৩.৯৬ | ৬৫০০০ | ৬৮২৫০ | |
| ৪৫. | সখিপুর | মচিবাড়ী পুকুর | ১.৪৬ | ২০০০০ | ২১০০০ | |

CamScanner

| ক্র: নং | উপজেলার নাম | ১৪৩৩ বঙ্গাব্দে ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৪৬. | সখিপুর | বোয়ালী পুকুর | ১.৮৬ | ২৬০০০ | ২৭৩০০ | |
| ৪৭. | সখিপুর | নলুয়া আড়ালিয়া পুকুর | ০.৯৯ | ৩১৫০০ | ৩৩০৭৫ | |
| ৪৮. | সখিপুর | আদ্ধি পুকুর | ১.০২ | ২৩০০০ | ২৪১৫০ | |
| ৪৯. | সখিপুর | বক্তারখার ছোট দিঘী | ৩.৫০ | ১৩০০০ | ১৩৬৫০ | |
| ৫০. | সখিপুর | বক্তারখার বড় দিঘী | ১০.০০ | ৭৩০০০ | ৭৬৬৫০ | |
| ৫১. | সখিপুর | গবিন্দের পুকুর | ০.৯৮ | ২৫২৩ | ২৬৫০ | |
| ৫২. | সখিপুর | কাহারতা কাটানীপুকুর | ২.২৯ | ১১৬৬৭ | ১২২৫০ | |
| ৫৩. | সখিপুর | কাহারতা বাড়ানী পুকুর | ৩.২৩ | ১০০০০ | ১০৫০০ | |
| ৫৪. | সখিপুর | বাসারচালা পুকুর | ১.১৯ | ৮৩৩৩ | ৮৭৫০ | |
| ৫৫. | সখিপুর | চাটার পুকুর | ১.১৯ | ১০০০০ | ১০৫০০ | |

**জলমহাল বন্দোবস্তের শর্তসমূহঃ**

০১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করা যাবে।

০২। দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি ও জামানতের মূলকপি (সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমাপূর্বক চালানের মূলকপি সংযুক্ত করতে হবে) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সখিপুর, টাঙ্গাইলে দাখিল করতে হবে।

০৩। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহালের বার্ষিক সরকারি মূল্য অপেক্ষা কম হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

৫। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ)/নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির বরাবর দাখিল করবেন।

CamScanner

৬। প্রকৃত মৎস্যজীবী সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরের বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন । তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন ,তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন / সমিতি যে গুলো বর্তমান কার্যকর আছে তার প্রমানস্বরুপ জেলা/উপজেলা সমবায়/সমাসসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের / সমিতির জন্য অডিট রির্পোটের প্রয়োজন হবে না।

৮। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা /জেলা মৎস্যজীবী সংগঠন / সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৯। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন / সমবায় সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লীজ অথবা অন্য কোন ব্যক্তি / গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না । যদি তা করে থাকে তাহলে কর্তৃপক্ষ উক্ত বন্দোবস্ত / ইজারা বাতিল করে জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে । উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন /সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না ।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি / সংগঠন/ সমিতি দুটির অধিক জলমহাল ইজারা / বন্দোবস্ত পাবে না ।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট /পে অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে । লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট / পে- অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় উপজেলা ভূমি অফিস, সখিপুর, টাঙ্গাইল হতে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আবদুল্লাহ আল রনী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সখিপুর, টাঙ্গাইল।

স্মারক নং-৩১.৩০.৯৩৮৫.০০০.০৫.০০২.১৬ ০৮

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহিদ তাজউদ্দিন সরণি, তেজগাঁও, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
০৬। প্রশাসক, সখিপুর পৌরসভা, সখিপুর, টাঙ্গাইল।
০৭। উপজেলা.........................কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল।
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সখিপুর থানা, সখিপুর, টাঙ্গাইল।
০৯। সভাপতি/সম্পাদক.................................. সখিপুর, টাঙ্গাইল।
১০। চেয়ারম্যান.......................ইউনিয়ন পরিষদ, সখিপুর, টাঙ্গাইল।
১১। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা.....................পৌর/ইউনিয়ন ভূমি অফিস, সখিপুর,টাঙ্গাইল। (তাহাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বলা হলো)।
১২। জনাব......................সভাপতি.............মৎস্যজীবী সমিতি লিঃ।
১৩। অফিস কপি।

০৫/০১/২০২৬

(শামসুন নাহার শিলা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সখিপুর, টাঙ্গাইল।
ফোন-০২৯৯৭৭৫৫৭০৪

CS CamScanner